

# বাংলাদেশ ব্যাংক

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস্  
প্রধান কার্যালয়  
ঢাকা

ডিসিএমপিএস সার্কুলার নংঃ ০৩/২০১০

তারিখঃ ২৯ মাঘ, ১৪১৬  
১১ ফেব্রুয়ারি, ২০১০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ঢাকা ক্লিয়ারিং হাউসের আওতাভুক্ত ব্যাংক শাখাসমূহে Non-MICR চেক গ্রহণ না করা প্রসঙ্গে।

বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস বাস্তবায়নের নিমিত্তে প্রতিটি ব্যাংকই ইতোমধ্যে গ্রাহকদেরকে MICR যুক্ত চেক বিতরণ শুরু করেছে। কিন্তু, ঢাকা ক্লিয়ারিং হাউসে উপস্থাপিত চেকের পরিসংখ্যান হতে দেখা যায় যে, MICR যুক্ত চেকের সংখ্যা কাঙ্ক্ষিত পর্যায়ে নেই। স্বয়ংক্রিয় ক্লিয়ারিং ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে ক্লিয়ারিং হাউসে উপস্থাপিত সব চেক/ইন্সট্রুমেন্ট MICR যুক্ত হওয়া আবশ্যিক। ঢাকা ক্লিয়ারিং হাউসের অন্তর্ভুক্ত ব্যাংক শাখাগুলোকে তাদের স্ব স্ব গ্রাহকদের অনুকূলে MICR যুক্ত Standardized চেক ইস্যু করার বিষয়ে ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউসের কার্যক্রম শুরুর পূর্ব প্রস্তুতি হিসাবে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আগামী ১ এপ্রিল ২০১০ বৃহস্পতিবার হতে ঢাকা ক্লিয়ারিং হাউসে কোন Non-MICR চেক/ইন্সট্রুমেন্ট গ্রহণ করা হবে না। এ বিষয়ে ঢাকা ক্লিয়ারিং হাউসের অন্তর্ভুক্ত ব্যাংক শাখা সমূহকে যথাযথ নির্দেশনা প্রদান এবং এ সকল শাখার গ্রাহকদের বিষয়টি অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হল।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত,

স্বা/-

( চৌধুরী মহিদুল হক )

নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক

ও

প্রকল্প পরিচালক, আরপিপি প্রকল্প

ফোনঃ ৭১২০১০৯